গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ
ব্যয় ব্যবস্থাপনা শাখা-৫
www.mof.gov.bd



নং-০৭.০০.০০০০.০০০.১৫৫.৯৯.০০০১.২৬-৪২০

তারিখ ০৮ ভাদ্র ১৪৩৩ বঃ
২৪ আগস্ট ২০২৬ খ্রিঃ

বিষয়: 'বন অধিদপ্তরের চারা উত্তোলন, রোপন ও রক্ষণাবেক্ষণ ব্যয়ের দর পুনর্নির্ধারণ সংক্রান্ত।

সূত্র: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের স্মারক নং-২৭.০০.০০০০.০০০.০৬৭.৯৯.০২৬.১৮-২৪৮, তারিখ:-০৪/০৬/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে বন অধিদপ্তরের চারা উত্তোলন, রোপন ও রক্ষণাবেক্ষণ ব্যয়ের দর পুনর্নির্ধারণে আন্তঃমন্ত্রণালয় কারিগরি কমিটির সুপারিশ অনুসারে (কপি সংযুক্ত) বর্ণিত শর্তে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:-

তবে শর্ত থাকে যে,

(ক) পুনর্নির্ধারিত এ দর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন সব দপ্তরের ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং সব দপ্তরের ওয়েবসাইটে এ দর আপলোড করতে হবে;

(খ) এ পুনর্নির্ধারিত দরের ক্ষেত্রে সময়ে সময়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত মূল্য সংযোজন কর (ভ্যাট), আয়কর, শুল্ক ও অন্যান্য ডিউটি প্রযোজ্য হবে;

(গ) এ দর তফসিল অনুযায়ী কাজ সম্পাদনের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ সহ অন্যান্য আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে; এবং

(ঘ) এ পুনর্নির্ধারিত দর অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ/কার্যকর থাকবে।

সংযুক্তি: বর্ণনামতে।

স্বা:/-
(কাজী লুতফুল হাসান)
উপসচিব
ফোন:-০২-২২৩৩৫৬০৩৭
ই-মেইল: lutful8082@gmail.com

ভারপ্রাপ্ত সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-০৭.০০.০০০০.০০০.১৫৫.৯৯.০০০১.২৬-৪২০

তারিখ ০৮ ভাদ্র ১৪৩৩ বঃ
২৪ আগস্ট ২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

Lutful
24/08/2026
(কাজী লুতফুল হাসান)
উপসচিব

বন বিভাগের চারা উত্তোলন, রোপণ ও রক্ষণাবেক্ষণ ব্যয়ের হার নিম্নরূপভাবে সংশোধনপূর্বক পুনঃনির্ধারণ করা হলোঃ

| **বিষয়/ চারা/ বাগানের প্রকার** | **চারা উৎপাদন ব্যয় (টাকা/ প্রতি চারা)** | | **বাগান সৃজন ব্যয় (টাকা/ প্রতি চারা)** | | **বিষয় ভিত্তিক নির্ধারিত হার (টাকা) এবং মান ও পরিমাপ (Standards and Measurement)** |
|---|---|---|---|---|---|
| | **চারা উৎপাদন** | **চারার রক্ষণাবেক্ষণ** | **চারা রোপণ** | **বাগান রক্ষণাবেক্ষণ** | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| **দীর্ঘমেয়াদী বাগান**<br>(শাল, সেগুন, চম্পা, চাপালিশ, সোনালু, তেলী গর্জন, পাইন্যা জারুল, ঢাকিজাম, তেলসুর, মেহগনি, লোহাকাঠ, বাজনা, কালো জাম, কাঞ্চন, পিতরাজ, হলদু, লালি, ডেউয়া, কাঞ্জল বাদি, বাটনা, নাগেশ্বর, গুটগুটিয়া, মোসকন্দ, মুস, কনক, উদাল, ধারমারা, চিকরাশি, বাইট্টা গর্জন, বান্দরহোলা, হারগোজা, কাউ, পুতিজাম, চন্দুল, তেঁতুল, অর্জুন, তুন, গোদা, রক্তন, তমাল, কুসুম/ জয়না, নাগলিঙ্গম, ডুমুর, বট, অশ্বথ, মান্দার, কালা কড়ই, রক্তচন্দন, শ্বেতচন্দন, পলাশ, মহুয়া, গাব, পাদুক, সাম্পান, বাঁশপাতা, আরশল/গোদা, বন গাব, গুটগুইট্টা, উরি আম, আগর, বড়পাতা, বন সোনালু, বর্তা, চালতা, ধারমারা, ঢেপা জাম, গান্ধী গজারী, গোদা জাম, গুর্জ বাটনা, জাত বাটনা, জিয়াপুতা, ঝুমকা, বাদী, তেজবহুল, রক্তন, চালমুগরা, নাগেশ্বর, বৈলাম, বাঁশ প্রভৃতি)। | ১৫/- | ৪/- (শুধুমাত্র ১ম বছরের জন্য) | ৩০/- (চারার পরিবহণ ব্যয়সহ) | ৫.৮০/- ৫ বছরে চারা প্রতি মোট (৫.৬/- X ১০)=৫৬/- | ২৫ X ১৫ সেমি পলি-প্রোপাইলিন ব্যাগ, পুরুত্ব-৬৫ মাইক্রোন। পলিপ্রোপাইলিন ব্যাগ ক্রয়ের ক্ষেত্রে মোট চারার সংখ্যার ১০% বেশী ক্রয় করতে হবে। রোপণ দূরত্ব ২.৬ X ২.৬ মিটার। নার্সারীতে প্রতি ১০০টি রোপণযোগ্য সুস্থ-সবল চারা পাওয়ার জন্য ২০% Grading Loss হিসাবে ১২৫ টি চারা উত্তোলন করতে হবে। বাগান সৃজনের পর ১ম বছর ২৫% এবং ২য় বছর ১০% শূন্যস্থান পূরণ করতে হয়। সে হিসাব অনুযায়ী এক বছর পূর্বে চারা উত্তোলন, রক্ষণাবেক্ষণ ও শূন্যস্থান পূরণের জন্য রোপণ করতে হবে। ৫ বছর রক্ষণাবেক্ষণ, ৩-৩-২-১-১ পদ্ধতিতে (১ম বছর ৩ বার, ২য় বছর ৩ বার, ৩য় বছর ২ বার, ৪র্থ বছর ১ বার, ৫ম বছর ১ বার) মোট ১০ বার রক্ষণাবেক্ষণ। পঞ্চম বছর Thinning and Climber Cutting করতে হবে। |
| **স্বল্পমেয়াদী বাগান**<br>(গামার, কদম, বাবলা, ছাতিয়ান, মালাকানা, কড়ই, বকাইন, মিনজিরি, চাকুয়া কড়ই, তেতুয়া কড়ই, শীল কড়ই, রাজ কড়ই, জিয়ল ভাদি, ঘোড়ানিম, শিমুল, শিশু, রেইনট্রি, ইপিল ইপিল, ঝাউ, খইয়া বাবলা, খয়ের, নিম, পুন্যাল বা পুনিয়াল, পাইন্যা মান্দার, শীলকড়ই, কাঠবাদাম, বিলাতি আমড়া, বকফুল, বনশিমুল, বুদ্ধ নারিকেল, বার্মা শিমুল, হলদু, জিগনি, জুমুর্জা, সিন্দুরী, কৃষ্ণচূড়া, কম, মেন্দা, মটর কড়ই, কুকি তেঁতুই প্রভৃতি)। | ১২/- | - | ২২/- পরিবহণ সহ | ৪.৫০/- ৩ বছরে চারা প্রতি মোট (৪.২৯/- X ৭) =৩০.০৩/- | ১৮ X ১২ সেমি পলি-প্রোপাইলিন ব্যাগ, ৫৫ মাইক্রোন পুরুত্ব। পলিপ্রোপাইলিন ব্যাগ ক্রয়ের ক্ষেত্রে মোট চারার সংখ্যার ১০% বেশী ক্রয় করতে হবে। রোপণ দূরত্ব ২.০ X ২.০ মিটার। নার্সারীতে প্রতি ১০০টি রোপণযোগ্য সুস্থ-সবল চারা পাওয়ার জন্য ২০% Grading Loss হিসাবে ১২৫টি চারা উত্তোলন করতে হবে। বাগান সৃজনের পর ১ম বছর ২০% শূন্যস্থান পূরণের জন্য চারা উত্তোলন ও রোপণ করতে হবে। ৩ বছর রক্ষণাবেক্ষণ, ৩-২-২ পদ্ধতিতে মোট ৭ বার (১ম বছর ৩ বার, ২য় বছর ২ বার, ৩য় বছর ২ বার) ৫ম বছরে স্বেচ্ছাশ্রমে কমিউনিটি ভিত্তিক Thinning and Climber Cutting করতে হবে। |

১২.৪.২০২৪

মোহাম্মদ আজাদ জালাল
অতিরিক্ত সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| বিষয়/ চারা/ বাগানের প্রকার | চারা উৎপাদন ব্যয় (টাকা/ প্রতি চারা) | | বাগান সৃজন ব্যয় (টাকা/ প্রতি চারা) | | বিষয় ভিত্তিক নির্ধারিত হার (টাকা) এবং মান ও পরিমাপ (Standards and Measurement) |
|---|---|---|---|---|---|
| | চারা উৎপাদন | চারার রক্ষণাবেক্ষণ | চারা রোপণ | বাগান রক্ষণাবেক্ষণ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| **স্ট্রীপ বাগান (সিডলিং কিলোমিটার)**<br>(স্বল্পমেয়াদী বাগানের প্রজাতিসমূহ) | ১২/- | - | ২২/-<br>(চারা পরিবহণ ব্যয়সহ) | ৫/-<br>৩ বছরে চারা প্রতি মোট (৫/- X৬)= ৩০/- | ১৮X১২ সেমি পলি-প্রোপাইলিন ব্যাগ, ৫৫ মাইক্রোন পুরুত্ব। পলিপ্রোপাইলিন ক্রয়ের ক্ষেত্রে মোট চারার সংখ্যার ১০% বেশী ক্রয় করতে হবে। রোপণ দূরত্ব ২.০ মিটার। নার্সারীতে প্রতি ১০০টি রোপণযোগ্য সুস্থ-সবল চারা পাওয়ার জন্য ২০% Grading Loss হিসাবে ১২৫টি চারা উত্তোলন করতে হবে। বাগান সৃজনের পর ১ম বছর ২০% শূন্যস্থান পূরণের জন্য চারা উত্তোলন ও রোপণ করতে হবে। ৩ বছর রক্ষণাবেক্ষণ, ৩-২-১ পদ্ধতিতে মোট ৬ বার (১ম বছর ৩ বার, ২য় বছর ২ বার, ৩য় বছর ১ বার) ৫ম বছরে স্বেচ্ছাশ্রমে কমিউনিটি ভিত্তিক Thinning and Climber Cutting করতে হবে। |
| **ম্যানগ্রোভ বাগান**<br>(কেওড়া, ছইলা, বাইন, মরিচা বাইন, সাদা বাইন, গেওয়া, হেতাল, খলসী, গরান, সুন্দরী, ধুন্দল, শিকড়ী, কৃরপা, ঝানা গর্জন, সিংড়া, ধুন্দুল, কাঁকড়া, আমুর, মেল প্রভৃতি)। | কাদামাটির বিছানায় (Mud Bed) উত্তোলনের ক্ষেত্রে=৩/-<br><br>*চারা পলিপ্রোপাইন ব্যাগে উত্তোলনের ক্ষেত্রে= ১০/-<br><br>*ম্যানগ্রোভ এনরিচমেন্ট চারা পলিপ্রোপাইন ব্যাগে উত্তোলনের ক্ষেত্রে ১৬.৫০/- | - | ৩/- | ১.৫/-<br>২ বছরে চারা প্রতি মোট (১.৫/- X ৪)= ৬/-<br><br>৫/-<br>২ বছরে চারা প্রতি মোট (৫/-X ৪)= ২০/- | কেওড়া চারা কাদা মাটির- বিছানায় (Mud Bed) এ উত্তোলন করা হয়। বাইন/পশুর ইত্যাদি প্রজাতির জন্য ব্যাগে চারা উত্তোলনের ক্ষেত্রে ১৮ X ১২ সেমি পলি-প্রোপাইলিন ব্যাগ, পুরুত্ব-৫৫ মাইক্রোন। পলিপ্রোপাইলিন ক্রয়ের ক্ষেত্রে মোট চারার সংখ্যার ১০% বেশী ক্রয় করতে হবে: রোপণ দূরত্ব ১.৫ X ১.৫ মিটার। নার্সারীতে প্রতি ১০০ টি রোপণযোগ্য সুস্থ-সবল চারা পাওয়ার জন্য ২০% Grading Loss ১২৫টি চারা উত্তোলন করতে হবে। বাগান সৃজনের পর ১ম বছর ৪০%, ২য় বছর ৩০% এবং ৩য় বছর ২০% শূন্যস্থান পূরণের জন্য চারা উত্তোলন ও রোপণ করতে হবে। ২ বছর রক্ষণাবেক্ষণ, ২-২ পদ্ধতিতে (১ম বছর ২ বার, ২য় বছর ২বার) মোট ৪ বার।<br><br>এনরিচমেন্ট বাগানের ক্ষেত্রে, ২ বছর রক্ষণাবেক্ষণ, ২-২ পদ্ধতিতে (১ম বছর ২ বার, ২য় বছর ২বার) মোট ৪ বার। |

মোহাম্মদ আজাদ ছাল্লাল
অতিরিক্ত সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| বিষয়/ চারা/ বাগানের প্রকার | চারা উৎপাদন ব্যয় (টাকা/ প্রতি চারা) | | বাগান সৃজন ব্যয় (টাকা/ প্রতি চারা) | | বিষয় ভিত্তিক নির্ধারিত হার (টাকা) এবং মান ও পরিমাপ (Standards and Measurement) |
|---|---|---|---|---|---|
| | চারা উৎপাদন | চারার রক্ষণাবেক্ষণ | চারা রোপণ | বাগান রক্ষণাবেক্ষণ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| **প্রাকৃতিক পুনঃরুৎপাদন সহায়ক (Assisted Natural Regeneration) বাগান**<br><br>(দীর্ঘমেয়াদী বাগানের প্রজাতিসমূহ) | ১৫/- | - | ৩০/- | ৫.৮০/-<br>৫ বছরে চারা প্রতি মোট রক্ষণাবেক্ষণ ব্যয় (৫.৬/- X ৯)=৫০.৪/- | হেক্টর প্রতি অবস্থা ভেদে ৬০০ চারা। নার্সারীতে প্রতি ১০০ টি রোপণযোগ্য সুস্থ-সবল চারা পাওয়ার জন্য (২০% Grading Loss) ১২৫টি চারা উত্তোলন করতে হবে। বাগান সৃজনের পর ১ম বছর ২৫% এবং ২য় বছর ১০% শূন্যস্থান পূরণের জন্য চারা উত্তোলন ও রোপণ করতে হবে। অধিকতর যত্নের সাথে জঙ্গল কর্তন করতে হবে। জঙ্গল পোড়ানো যাবে না। অগ্নি প্রতিরোধক লাইন (Fire Line) প্রস্তুত ও সংরক্ষণ করতে হবে। সংরক্ষণযোগ্য চারায় খুঁটি প্রদান, থালি পদ্ধতিতে আগাছা বাছাই। ৫ বছর রক্ষণাবেক্ষণ, ৩-২-২-১-১ পদ্ধতিতে (১ম বছর ৩ বার, ২য় বছর ২ বার, ৩য় বছর ২ বার, ৪র্থ বছর ১ বার, ৫ম বছর ১ বার) মোট ৯ বার রক্ষণাবেক্ষণ। ৫ম বছর Thinning and Climber Cutting করতে হবে। |
| **নারিকেল** | ১৫৫/- | - | ৯৫/- | ২৫/-<br>৪ বারে চারা প্রতি মোট রক্ষণাবেক্ষণ ব্যয় ১০০/- | বেডে চারা উত্তোলন। Germination Loss-৩৫%। বীজ নারিকেল সু-পরিপক্ক, নারিকেলের খোসা মসৃণ ও রং উজ্জ্বল হতে হবে। আকার গোলাকৃতি থেকে ডিম্বাকার, পরিধি ৪৬-৫৬ সেমি হতে হবে। প্রতিটি নারিকেলের সাথে বৃতি (Calyx) সংযুক্ত থাকতে হবে। বাগান সৃজনের পর ২য় বছর ২০% শূন্যস্থান পূরণের জন্য চারা উত্তোলন ও রোপণ করতে হবে। রোপিত চারার রক্ষণাবেক্ষণ ২ বছর; ২-২ পদ্ধতিতে মোট ৪ বার। বর্ষার আগে ও পরে ১ বার করে বছরে ২ বার চারার গোড়ায় সার প্রয়োগ। |
| **তাল** | ৬০/- | - | ৩০/- | ৬/-<br>৩ বছরে মোট (৬/- X ৬)=৩৬/- | পলিব্যাগে চারা উত্তোলন, ৫৫ মাইক্রোন পুরুত্ব। Germination Loss-৩০%। বাগান সৃজনের পর ১ম বছর ২৫% শূন্যস্থান পূরণের জন্য চারা উত্তোলন ও রোপণ করতে হবে। ৩ বছর রক্ষণাবেক্ষণ, ৩-২-১ পদ্ধতিতে মোট ৬ বার (১ম বছর ৩ বার, ২য় বছর ২ বার, ৩য় বছর ১ বার)। |
| **বেত** | ১১/- | ০ | ১৪/- | ২.৫০/-<br>৩বছরে মোট (২.৫০/- X ৬)=১৫/- | ২৫ X ১৫ সে:মি: পলি-প্রোপাইলিন ব্যাগ, ৬৫ মাইক্রোন পুরুত্ব। রোপণ দূরত্ব ২.০ X ২.০ মিটার। নার্সারীতে প্রতি ১০০টি রোপণযোগ্য সুস্থ-সবল চারা পাওয়ার জন্য ২০% Grading Loss হিসাবে ১২৫টি চারা উত্তোলন করতে হবে। বাগান সৃজনের পর ২য় বছর ২০% শূন্যস্থান পুরনের জন্য চারা উত্তোলন ও রোপণ করতে হবে। ৩ বছর রক্ষণাবেক্ষণ, ৩-২-১ পদ্ধতিতে মোট ৬ বার। |

মোহাম্মদ আ[illegible] [illegible]
অতিরিক্ত সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| বিষয়/ চারা/ বাগানের প্রকার | চারা উৎপাদন ব্যয় (টাকা/ প্রতি চারা) | | বাগান সৃজন ব্যয় (টাকা/ প্রতি চারা) | | বিষয় ভিত্তিক নির্ধারিত হার (টাকা) এবং মান ও পরিমাপ (Standards and Measurement) |
|---|---|---|---|---|---|
| | চারা উৎপাদন | চারার রক্ষণাবেক্ষণ | চারা রোপণ | বাগান রক্ষণাবেক্ষণ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| **গোলপাতা** | ১১/- | - | ১৩/- (পরিবহণ ব্যয়সহ) | ৩/- ২ বছরে চারা প্রতি মোট (৩/- X২)=৬/- | Grading Loss -৪০%, সিড বেড়ে চারা উত্তোলন, মরা পাতা অপসারণ, গাছের গোড়ার আগাছা বাছাই, আবর্জনা অপসারণ। বাগান সৃজনের পর ১ম বছর ৪০% এবং ২য় বছর ২০% শূন্যস্থান পূরণের জন্য চারা উত্তোলন ও রোপণ করতে হবে। ১ম বছর ১ বার, ২য় বছর ১ বার। মোট ২ বার রক্ষণাবেক্ষণ। |
| **নার্সারীতে বিক্রয়/বিতরণের জন্য চারা**<br><br>**ফলদ**<br>(আমড়া, লেবু, বেদানা বা ডালিম, ড্রাগন ফল, কমলা, মালটা, আম, আঙ্গুর, পেঁপে, তালমিছরি বা সুগন্ধি জাতের কলা, আতা, ডুমুর, সফেদা, আমলকী, পেয়ারা, কামরাঙ্গা, বারি আমড়া, জামরুল, করমচা, লিচু, জলপাই, চালতা, লটকন, কাঁঠাল, গোলাপজাম, জামরুল, লুকলুকি, খেজুর, লেবু, আম, কাঁঠাল, জাম্বুরা, আঁশফল, এভেকাডো, কাজুবাদাম প্রভৃতি)।<br><br>**ঔষধি**<br>(তুলসী, পুদিনা, অ্যালোভেরা, লেমন গ্রাস, মেহেদী, নিম, আকন্দ বা বাসক, হরিতকী, আমলকী, বহেরা, অর্জুন প্রভৃতি)। | বনজ (স্বল্পমেয়াদী ) =১২/-<br><br>বনজ (দীর্ঘমেয়াদী ) =১৪/-<br><br>ফলদ=২০/-<br><br>ঔষধি=২০/- | - | - | - | ১৮ X ১২ সেমি পলি-প্রোপাইলিন ব্যাগ, ৫৫ মাইক্রোন পুরুত্ব। নার্সারীতে প্রতি ১০০ টি রোপণযোগ্য সুস্থ-সবল চারা পাওয়ার জন্য ২০% Grading Loss হিসাবে ১২৫টি চারা উত্তোলন করতে হবে। ফলজ ও ঔষধি চারার জন্য ২৫ X ১৫ সেমি পলি-প্রোপাইলিন ব্যাগ, পুরুত্ব-৬৫ মাইক্রোন। |
| **বিলুপ্তপ্রায় উদ্ভিদের চারা/বাগান**<br><br>(টালিপাম, রাজ অশোক, পারুল, সিভিট, বৈলাম, চুন্দুল, কুম্ভি, ধুপ, কাঁটালাল বাটনা, বাঁশপাতা, উরিআম, পেডুক, রিটা, জায়না, কামদেব, টালি, তমাল, নারিকেলী, ধুনারাতা, ঝন্টা, লেসুয়া গর্জন, বন সুপারি, ওরমোসিয়া, সাপোতা, কস্তুরি, ভেলা, সাম্পান, বন খেজুর, চালমুগরা, ডুলিগর্জন, বাইট্টা গর্জন, নেমা, সাইকাস, মাইলাম, উরিআম প্রভৃতি)। | ৫৫/- | ৩.৫/- (শুধুমাত্র ১ম বছরের জন্য) | ৩০/- | ৬/- ৫ বছরে চারা প্রতি মোট (৬/-X ১০)=৬০/- | ২৫ X ১৫ সেমি পলি-প্রোপাইলিন ব্যাগ, পুরুত্ব-৬৫ মাইক্রোন। পলিপ্রোপাইলিন ব্যাগ ক্রয়ের ক্ষেত্রে মোট চারার সংখ্যার ১০% বেশী ক্রয় করতে হবে। রোপণ দূরত্ব ২.৬ X ২.৬ মিটার। নার্সারীতে প্রতি ১০০টি রোপণযোগ্য সুস্থ-সবল চারা পাওয়ার জন্য ২০% Grading Loss হিসাবে ১২৫ টি চারা উত্তোলন করতে হবে। বাগান সৃজনের পর ১ম বছর ২৫% এবং ২য় বছর ১০% শূন্যস্থান পূরণ করতে হয়। সে হিসাব অনুযায়ী এক বছর পূর্বে চারা উত্তোলন, রক্ষণাবেক্ষণ ও শূন্যস্থান পূরণের জন্য রোপণ করতে হবে। ৫ বছর রক্ষণাবেক্ষণ, ৩-৩-২-১-১ পদ্ধতিতে (১ম বছর ৩ বার, ২য় বছর ৩ বার, ৩য় বছর ২ বার, ৪র্থ বছর ১ বার, ৫ম বছর ১ বার) মোট ১০ বার রক্ষণাবেক্ষণ। পঞ্চম বছর Thinning and Climber Cutting করতে হবে। |

মোহাম্মদ আজাদ ছাল্লাল
অতিরিক্ত সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| বিষয়/ চারা/ বাগানের প্রকার | চারা উৎপাদন ব্যয় (টাকা/ প্রতি চারা) | | বাগান সৃজন ব্যয় (টাকা/ প্রতি চারা) | | বিষয় ভিত্তিক নির্ধারিত হার (টাকা) এবং মান ও পরিমাপ (Standards and Measurement) |
|---|---|---|---|---|---|
| | চারা উৎপাদন | চারার রক্ষণাবেক্ষণ | চারা রোপণ | বাগান রক্ষণাবেক্ষণ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| **শোভাবর্ধণকারী উদ্ভিদ**<br>**বৃক্ষ**<br>(রাধাচূড়া, কৃষ্ণচূড়া, দেবদারু, কাঠগোলাপ, কনকচূড়া, আফ্রিকান টিউলিপ, মনিমালা, টেবু ভুইয়া, কনকচাপা প্রভৃতি)।<br>**লতা, বীরুৎ ও গুল্ম**<br>(গোলাপ, গাঁদা, রঙ্গন, ডালিয়া, পিটুনিয়া, গার্ডেনিয়া, লিলি, চন্দ্রমল্লিকা, শেফালি, স্বর্ণ জুঁই, কামিনী, গন্ধরাজ, বিভিন্ন রঙের পাতা বাহার, প্রভৃতি)। | ৭৫/- | - | ২৫/- | ৫/-<br>৪ বছরে চারা প্রতি মোট (৫/- X ৯)=৪৫/- | ২৫×১৫ সেমি পলি-প্রোপাইলিন ব্যাগ, পুরুত্ব-৬৫ মাইক্রোন। নার্সারীতে প্রতি ১০০ টি রোপণযোগ্য সুস্থ-সবল চারা পাওয়ার জন্য ২০% Grading Loss হিসাবে ১২৫টি চারা উত্তোলন করতে হবে। বাগান সৃজনের পর ২য় বছর ২০% শূন্যস্থান পূরণের জন্য চারা উত্তোলন ও রোপণ করতে হবে। ৪ বছর রক্ষণাবেক্ষণ, ৩-৩-২-১ পদ্ধতিতে (১ম বছর ৩ বার, ২য় বছর ৩ বার, ৩য় বছর ২ বার, ৪র্থ বছর ১ বার) মোট ৯ বার রক্ষণাবেক্ষণ। |
| **জলজ উদ্ভিদ প্রজাতির বাগান**<br>**বৃক্ষ**<br>হিজল, করচ, তমাল, বরুণ, কদম, রাতা, পুতিজাম, ডেপাজাম, কালোজাম, কদম, জারুল, পিটালি, বান্দরহোলা, মেলালিউকা, মান্দার, জিগা, পুন্যাল বা পুনিয়াল প্রভৃতি।<br>**অন্যান্য**<br>পাটিপাতা বা মূর্তা, সিংগারা, পদ্ম, কাঁটা পদ্ম প্রভৃতি। | ১৩/- | ৪/-<br>(শুধুমাত্র ১ম বছরের জন্য) | ২৫/-<br>(চারা রোপণ পরিবহণ সহ) | ৬/-<br>৪ বছরে চারা প্রতি মোট (৬/- X ৭)= ৪২/- | ২৫×১৫ সেমি পলি-প্রোপাইলিন ব্যাগ ক্রয়ের ক্ষেত্রে মোট চারার সংখ্যার ১০% বেশি ক্রয় করতে হবে। রোপণ দূরত্ব ২×২ মিটার হিসাবে হেক্টরে ২৫০০টি । নার্সারিতে প্রতি ১০০ সুস্থ-সবল চারা পাওয়ার জন্য ২০% গ্রেডিং লস সহ ১২৫টি চারা উত্তোলন করতে হবে। বাগান সৃজনের পর প্রথম বছর ২৫% এবং ২য় বছর ১০% শূণ্যস্থান পূরণ করতে হবে । সে হিসাব অনুযায়ী এক বছর পূর্বে চারা উত্তোলন , রক্ষণাবেক্ষণ ও শূণ্যস্থান পূরণের জন্য রোপণ করতে হবে। ৪ বছর রক্ষণাবেক্ষণ, ২-২-২-১ পদ্ধতিতে (১ম বছর ২বার, ২য় বছর ২ বার, ৩য় বছর ২ বার ৪র্থ বছর ১বার মোট ৭ বার রক্ষণাবেক্ষণ)। পঞ্চম বছর Climber Cutting করতে হবে। এ বাগান সুনামগঞ্জ ও সিলেটের বিভিন্ন হাওরে সৃজিত হবে। বাগান সৃজনের পর কমপক্ষে ২ বছর ওয়াচার রাখতে হবে। এ ধরনের বাগান ডিসেম্বর-জানুয়ারী মাসে সৃজন করতে হবে, ফলে শুষ্ক মৌসুমের ৩ মাস বাগানে পানি সিঞ্চন ব্যবস্থা রাখতে হবে। |
| বাগান ডকুমেন্টশন | - | - | - | - | জিআইএস পদ্ধতিতে বাগান জরিপ, ম্যাপিং, জার্নাল প্রস্তুতি, অডিও-ভিডিও ডকুমেন্টশন, পিরিয়ডিক রিপোর্টিং ইত্যাদি কাজের জন্য ব্যয় হেক্টর প্রতি ৬০০/- টাকা। |
| আবর্তকাল শেষে কর্তনের জন্য বৃক্ষ চিহ্নিতকরণ (Marking) | - | - | - | - | গাছের গোঁড়া ও বুক সমান উচ্চতায় (১.৩৭ মিটার) বাকল অপসারণ করে এবং রঙ ও হাতুড়ি ব্যবহার করে মার্কিং কাজ সম্পাদন ও পূর্ণাঙ্গ মার্কিং তালিকা প্রস্তুত করতে হবে। এজন্য ব্যয় গাছ প্রতি সমতল জেলায় ৬/- টাকা এবং পাহাড়ি এলাকায় ৭/- টাকা। |

মোহাম্মদ আজাদ ছাল্লাল
অতিরিক্ত সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | | |
|---|---|---|
| বাগান পাহারা | দীর্ঘমেয়াদী বাগান | ২ বছরের জন্য পাহারা প্রতিমাসে ৬০০/- টাকা প্রতি হেক্টর বাগানের জন্য। নিযুক্ত পাহারাদারকে নিয়মিতভাবে অগ্নি প্রতিরোধ লাইন রক্ষণাবেক্ষণ করে বজায় রাখতে হবে। |
| | স্বল্পমেয়াদি বাগান | ১ বছরের জন্য পাহারা প্রতিমাসে ৬০০/- টাকা প্রতি হেক্টর বাগানের জন্য। |
| | স্ট্রীপ বাগান [সিডলিং কি:মি:। | ২ বছরের জন্য পাহারা প্রতিমাসে ৩৫০০/- টাকা প্রতি সিডলিং কিলোমিটার বাগানের জন্য। |
| | ম্যানগ্রোভ বাগান | ১.৫ বছরের জন্য পাহারা প্রতিমাসে ৬০০/- টাকা প্রতি হেক্টর বাগানে। |
| | প্রাকৃতিক পুনঃরুৎপাদন সহায়ক (ANR) বাগান | ২ বছরের জন্য পাহারা প্রতিমাসে ৬০০/- টাকা প্রতি হেক্টর বাগানের জন্য। |

মোঃ রকিবুল হাসান মুকুল
উপপ্রধান
বন সংরক্ষক, পরিকল্পনা উইং, বন ভবন, আগারগাঁও, ঢাকা।

কাজী লুতফুল হাসান
উপসচিব (ব্যয় ব্যবস্থাপনা-৫)
অর্থ বিভাগ।

মোহছিনা আকতার বানু
উপসচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

মোহাম্মদ শওকত উল্লাহ
উপসচিব
(ব্যয় ব্যবস্থাপনা-৪), অর্থ বিভাগ।

ড. আসফাক আহমদ অধ্যাপক
উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

মোহাম্মদ রেজাউল হক
যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-১)
অর্থ বিভাগ।

সাহিনা
অতিরিক্ত সচিব
(ব্যয় ব্যবস্থাপনা-২) অর্থ বিভাগ।

মোহাম্মদ আজাদ ছাল্লাল
অতিরিক্ত সচিব
(ব্যয় ব্যবস্থাপনা-১), অর্থ বিভাগ।